

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৪৫

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ১১২. যিনি বলেন, তার উপর কাফফারাহ ওয়াজিব

بَابِ مَنْ قَالَ عَلَيْهِ الْكَفَّارَةُ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ أَبِي جَعْفَرِ الرَّازِيِّ عَنْ عَبْدِ الْكَرِيمِ عَنْ مِقْسَمٍ عَنْ ابْنِ عَبَّاسٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا أَتَى الرَّجُلُ امْرَأَتَهُ وَهِيَ حَائِضٌ فَإِنْ كَانَ الدَّمُ عَبِيطًا فَلْيَتَصَدَّقْ بِنِصْفِ دِينَارٍ وَإِنْ كَانَتْ صُفْرَةً فَلْيَتَصَدَّقْ بِنِصْفِ دِينَارٍ

বাংলা

১১৪৫. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যদি কোনো ব্যক্তি তার হায়িযগ্রস্ত স্ত্রীর সাথে মিলিত হয় আর তার রক্তস্রাব যদি তাজা (টকটকে লাল) হয়ে থাকে, তবে সে যেনো এক দীনার সাদাকা করে। আর যদি হলুদ বর্ণের স্রাব হতে থাকে, এমতাবস্থায় (মিলিত হলে) সে যেনো 'অর্ধ দীনার' সাদাকা করে।[1]

ফুটনোট

[1] তাহকীক: আব্দুল কারীমের বংশ সম্পর্কে বিভিন্ন রকম বক্তব্য রয়েছে। কেউ কেউ বলেন: তিনি আব্দুল কারীম আবী উমাইয়া, আর তিনি যয়ীফ। আর কেউ বলেন: তিনি আব্দুল কারীম ইবনু মালিক আল জাজারী, আর তিনি নির্ভরযোগ্য রাবী। আমরা মুসনাদুল মাউসিলী নং ২৪৩২ নং হাদীসের তাখরীজে বিস্তারিতভাবে বিষয়টি আলোচনা করেছি।

তাখরীজ: দেখুন, তাবারাণী, মু'জামুল কাবীর নং ১২১৩৫।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন